



সাভার ও আশুলিয়া একীভূত করে সিটি করপোরেশন গঠনের সিদ্ধান্ত



সংগৃহীত ছবি

সাভার পৌরসভা ও আশুলিয়া অঞ্চলকে একীভূত করে নতুন একটি ‘সাভার সিটি করপোরেশন’ গঠনের নীতিগত সিদ্ধান্ত নিয়েছে সরকার। পাশাপাশি কেরানীগঞ্জকে ‘ক’ শ্রেণির পৌরসভায় উন্নীত করা বা ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের আওতাভুক্ত করার বিষয়েও পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া।

তিনি মঙ্গলবার (২১ অক্টোবর) সন্ধ্যায় নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ তথ্য জানান।

বর্তমানে দেশে মোট ১২টি সিটি করপোরেশন রয়েছে—ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল, রংপুর, কুমিল্লা, গাজীপুর, ময়মনসিংহ ও নারায়ণগঞ্জ। সাভারকে অন্তর্ভুক্ত করা হলে এটি হবে দেশের ১৩তম সিটি করপোরেশন।

LENS ASIA